



এশার নামাজের পর থেকে নিখোঁজ ছাত্রশিবির নেতা জিসান



ছাত্রশিবির নেতা জিসান। ছবি: সংগৃহীত

বাংলাদেশ ইসলামী ছাত্রশিবিরের কেন্দ্রীয় সহকারী আন্তর্জাতিক সম্পাদক ও কুমিল্লা জেলা পশ্চিম শাখার সাবেক সভাপতি জিসান আহম্মেদ প্রধান নিখোঁজ হয়েছেন বলে জানিয়েছে তার পরিবার। বৃহস্পতিবার (১২ জুন) রাত থেকে তার কোনো খোঁজ পাওয়া যাচ্ছে না।

পারিবারিক সূত্রে জানা গেছে, ঢাকা থেকে কুমিল্লার দাউদকান্দিতে এসে জিসান পরিবারকে জানিয়েছিলেন যে তিনি মসজিদে নামাজ আদায় শেষে বাসায় ফিরবেন। তবে দাউদকান্দি মডেল মসজিদে এশার নামাজের পর থেকেই তিনি নিখোঁজ হয়েছেন।

জিসান দাউদকান্দি উপজেলার বিটেশ্বর ইউনিয়নের বিরবাগ গোয়ালী এলাকার বাসিন্দা এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের শিক্ষার্থী। পরিবারের দাবি, রাত ৮টার পর থেকে তার মোবাইল ফোন বন্ধ পাওয়া যাচ্ছে। সম্ভাব্য বিভিন্ন স্থানে খোঁজ নেওয়া হলেও এখন পর্যন্ত তার কোনো সন্ধান মেলেনি।

জিসানের বড় ভাই অ্যাডভোকেট রাসেল আহমেদ রাফি বলেন, রাত থেকেই আত্মীয়স্বজন ও পরিচিতদের সঙ্গে যোগাযোগ করা হলেও তার অবস্থান সম্পর্কে কোনো তথ্য পাওয়া যায়নি। এ ঘটনায় শুক্রবার সকালে দাউদকান্দি মডেল থানায় একটি সাধারণ ডায়েরি (জিডি) করা হয়েছে। পরিবারের আশঙ্কা, রাজনৈতিক বিরোধের জেরেও কোনো অনাকাঙ্ক্ষিত ঘটনা ঘটে থাকতে পারে।

এ বিষয়ে দাউদকান্দি মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. আ. বারী জানান, জিসানের হোয়াটসঅ্যাপের সর্বশেষ কার্যক্রম রাত ৮টা ২৯ মিনিটে দেখা গেছে। এরপর থেকে তার ফোন বন্ধ রয়েছে। বিষয়টি গুরুত্বের সঙ্গে তদন্ত করা হচ্ছে এবং তাকে খুঁজে বের করার চেষ্টা চলছে।